

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৭, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ/ ০৭ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ৩২৫-আইন/২০১৮।—Representation of the People Order, 1972 (President's Order No. 155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

- (ক) দফা (ছ) এর পর নিম্নরূপ দফা (ছছ) সালিখেশিত হইবে, যথা:—
“(ছছ) “পোর্টাল” অর্থ নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটের নির্ধারিত পোর্টাল;”;
(খ) দফা (বা) এ উল্লিখিত “অনুচ্ছেদ ২০” শব্দ ও সংখ্যার পরিবর্তে “বিধি ৯” শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৩। মনোনয়নপত্র সংগ্রহ এবং দাখিল।—(১) কোনো প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী বা প্রার্থীর প্রতিনিধি মনোনয়নপত্র দাখিলের নির্ধারিত তারিখের মধ্যে—

- (ক) সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট হইতে মনোনয়নপত্র সংগ্রহ করিতে পারিবেন; অথবা

(১৪৪৬৩)
মূল্য : টাকা ৮.০০

- (খ) পোর্টালে প্রবেশ করিয়া তাহার নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করিয়া মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করিতে পারিবেন, রেজিস্ট্রেশন সম্পন্ন হইলে একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাইবে; এবং উক্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া পোর্টালে লগইন করিয়া মনোনয়নপত্র ডাউনলোড করিতে পারিবেন।
- (২) অনুচ্ছেদ ১২ এর বিধান সাপেক্ষে, কোনো মনোনয়নপত্র সরাসরি বা অনলাইনে দাখিল করা যাইবে।
- (৩) উপ-বিধি (২) এর অধীন অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—
- (ক) উপ-বিধি (১) এর দফা (খ) এর অধীন ডাউনলোডকৃত মনোনয়নপত্র যথাযথভাবে পূরণ করিয়া প্রার্থী পূর্বে রেজিস্ট্রেশন না করিয়া থাকিলে তাহাকে পোর্টালে প্রবেশ করিয়া তাহার নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করিয়া রেজিস্ট্রেশন করিতে হইবে; রেজিস্ট্রেশন সম্পন্ন হইলে একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাইবে;
- (খ) দফা (ক) এর অধীন প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া প্রার্থী নিজে মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করিয়া Portable Document Format (পিডিএফ) আকারে দাখিল করিবেন;
- (গ) দফা (খ) এর অধীন মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত করিতে হইবে;
- (ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নম্বর প্রদান করিবেন; এবং উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং রিটার্নিং অফিসার কথন, কোথায় মনোনয়নপত্র বাছাই করিবেন তাহা মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে উল্লেখ করিয়া স্বাক্ষর ও সিলমোহর প্রদানপূর্বক উহার পিডিএফ ফাইল তৈরি করিয়া প্রার্থীকে তাহার ই-মেইলে প্রেরণ করিবেন;
- (ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে।”;

- (৩) বিধি ৪ এর উপবিধি (১) এর “অন্য কোনভাবে” শব্দগুলির পরিবর্তে ‘ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ট্রেজারী চালানের মাধ্যমে’ শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৪) তফসিল এর ফরম-১ প্রথম খণ্ড: মনোনয়ন এর তৃতীয় অংশে ক্রমিক নং ৫ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—
- “(ক) আমি আয়করদাতা নহি আমি আয়করদাতা [প্রযোজ্য
ক্ষেত্রে টিক () চিহ্ন দিন];”;
- (৫) তফসিল এর ফরম-১ [প্রার্থীর মনোনয়নপত্র] এর সংযুক্তি-৩ এর ক্রমিক নং ৩ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—
- “৩। প্রতি পৃষ্ঠায় প্রার্থীর অনুস্মাক্ষর ও শেষ পৃষ্ঠায় স্বাক্ষর প্রদান করিতে হইবে।”।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

হেলালুদ্দীন আহমদ
সচিব।